

ইউনিট-C (গ্রুপ 1, 2, 3, 4 এবং Non-Science)

ফলাফল প্রকাশ বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি.(সম্মান)/ডি.ভি.এম./বি.এসসি.ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইটে প্রকাশ করা হল। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা <https://application.ru.ac.bd> ওয়েবসাইটে লগ-ইন করে নিজ নিজ ফলাফল দেখতে পারবে।

ভর্তি প্রক্রিয়ার পরবর্তী কার্যক্রমসমূহের সম্ভাব্য সময়সূচী নিম্নরূপ:

শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহ প্রকাশ	১৭.৩.২০২৪ দুপুর ১২টা থেকে ২৩.৩.২০২৪ রাত ১১:৫৯ পর্যন্ত
শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান ব্যবহারিক পরীক্ষা (সম্ভাব্য)	২১.৪.২০২৪ / ২২.৪.২০২৪
বিভাগ পছন্দক্রম পূরণ	২৫.৪.২০২৪ দুপুর ১২টা থেকে ০৪.৫.২০২৪ রাত ১১:৫৯ পর্যন্ত
১ম নির্বাচন তালিকা প্রকাশ	০৭.৫.২০২৪ অপরাহ্ন
১ম নির্বাচন তালিকার সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তি	১২.৫.২০২৪ হতে ১৪.৫.২০২৪

উত্তীর্ণ শিক্ষার্থীদের ২৫.৪.২০২৪ থেকে ০৪.৫.২০২৪ তারিখের মধ্যে অনলাইনে বিভাগ পছন্দক্রম প্রদান করতে হবে। কোন ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর সুযোগ থাকবে না। পছন্দক্রম পূরণ করার সময় ভর্তিচ্ছু শিক্ষার্থী কোন বিভাগে ভর্তি হতে আদৌ আগ্রহী না হলে সেটি পছন্দক্রম থেকে বাদ রাখতে পারবে। তবে পছন্দক্রম প্রদানের পর তদনুযায়ী কোন নির্দিষ্ট বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে, নতুবা সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের কোন বিভাগে ভর্তি হওয়ার সুযোগ আর থাকবে না।

উত্তীর্ণ ভর্তিচ্ছুদের মধ্যে যারা শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তি হতে আগ্রহ প্রকাশ করবে তাদেরকে একটি ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। স্টেডিয়ামে দৌড়, শটপুট, লং জাম্প প্রভৃতি প্রতিযোগিতায় তাদের দক্ষতা যাচাই করা হবে। এ জন্য ১৭.৩.২০২৪ থেকে ২৩.৩.২০২৪ তারিখের মধ্যে ভর্তি ওয়েবসাইটে আগ্রহ প্রকাশ করতে হবে।

পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রমানুসারে প্রথম নির্বাচন তালিকা ০৭.৫.২০২৪ অপরাহ্নে বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইট admission.ru.ac.bd-তে প্রকাশিত হবে। প্রথম নির্বাচন তালিকায় নির্বাচিতদের ১২.৫.২০২৪ হতে ১৪.৫.২০২৪ সাক্ষাৎকার গ্রহণ ও ভর্তি সম্পন্ন করা হবে।

পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে কিছু করতে হবে না - নোটিশে জানতে পারবে। এছাড়া শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে পরবর্তীতে মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে, যার সম্ভাব্য সময়সূচী যথাসময়ে পর্যালোচনা করে প্রকাশ করা হবে।

মুক্তিযুদ্ধ ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার ছাত্র উপদেষ্টার দপ্তর এবং শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার প্রধান চিকিৎসকের দপ্তরে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে উক্ত দপ্তর দুটি থেকে যথাসময়ে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করা হবে। পোষ্য কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রথম নির্বাচন তালিকার সাথে প্রকাশ করা হবে।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. নাসিমা আখতার)

চীফ কো-অর্ডিনেটর

১১ মার্চ ২০২৪

১ম বর্ষ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি  
এবং ডীন, বিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়